

“বাঁচলে নদী বাঁচবে দেশ, বাঁচবে শ্রিয় বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় নদী রক্ষা কমিশন
হোসাইন টাওয়ার (১২ তলা)
১১৬, নয়া পল্টন, ঢাকা-১০০০
www.nrcrb.gov.bd


নং-১৮.২০.০০০০.০১৮.৯৯.০৪০.১৯-৮৬৫

তারিখ : ২০ আশ্বিন ১৪২৮
০৫ অক্টোবর ২০২১

বিষয়: দেশের নদ-নদীর অবৈধ দখলদারদের উচ্ছেদ কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

বিনীতভাবে জানানো যাচ্ছে যে, বর্তমানে সমগ্র দেশব্যাপী নদ-নদীর অবৈধ দখলদারদের উচ্ছেদ কার্যক্রম চলছে। এই উচ্ছেদ কার্যক্রম পরিচালনার ব্যাপারে দেশের ৬৪টি জেলার জেলা প্রশাসকগণ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। কিন্তু কোন কোন সমস্যা এই কার্যক্রম পরিচালনায় তাদের অগ্রগতিকে ব্যাহত করছে বলে জানা যায়। যেমন, কোন কোন জেলায় উচ্ছেদ কার্যক্রম পরিচালনার জন্য বরাদ্দকৃত অর্থের অপ্রতুলতা পরিলক্ষিত হচ্ছে। আবার অনেক জেলায় জেলা প্রশাসকের নিকট নদী সংলগ্ন জমির সঠিক তথ্যাদি {সিএস ম্যাপ, পর্চা/খতিয়ান (ROR) ইত্যাদি} পাওয়া যাচ্ছে না।

২। এ সকল অসুবিধা, অপদখল থেকে নদীর জমি উদ্ধারে চলমান অভিযানকে খানিকটা ব্যাহত করছে। এমতাবস্থায় জেলায় জেলায় অপদখল হতে নদীগুলোকে মুক্ত করার অভিযানে গতি সঞ্চারণ করার লক্ষ্যে উপরে বর্ণিত দু'টি সমস্যার সমাধান করার জন্য অর্থমন্ত্রণালয় (অর্থ বিভাগ) ও ভূমি মন্ত্রণালয়কে অনুরোধ করা যেতে পারে।


এ এস এম আলী কবীর
চেয়ারম্যান
জাতীয় নদী রক্ষা কমিশন

সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরীপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার ও আহ্বায়ক, বিভাগীয় নদী রক্ষা কমিটি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/ময়নসিংহ।
- ৭। জেলা প্রশাসক (সকল জেলা).....।
- ৮। চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় নদী রক্ষা কমিশন (মহোদয়ের অবগতির জন্য)
- ৯। সার্বক্ষণিক সদস্যের ব্যক্তিগত সহকারী, জাতীয় নদী রক্ষা কমিশন (মহোদয়ের অবগতির জন্য)
- ১০। সংশ্লিষ্ট নথি (সংরক্ষণার্থে)